রাজশাহী ক্যাডেট কলেজ

***অলরাউন্ড ক্যাডেট নির্ধারণের নীতিমালা***

রাজশাহী ক্যাডেট কলেজ বাংলাদেশের একটি স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান। ১৯৬৬ সালে জন্মলগ্ন থেকে প্রতিষ্ঠানটি স্বমহিমায় যাত্রা শুরু করে। এ কলেজ থেকে পাশকৃত বহু ছাত্র দেশে-বিদেশে নিজ নিজ কর্মসংস্থান এবং শিক্ষা কার্যক্রমে সফলতা প্রদর্শন করে চলেছে। ক্যাডেট কলেজ শিক্ষা ব্যবস্থায় লেখা পড়ায় ভালো করার সাথে সাথে ক্রীড়া, শারীরিক ও মানসিক উপযুক্ততা অর্জন করে ক্যাডেটরা যাতে নিজেদের প্রস্তুত করার কাজে উদ্যোগী হয়ে ওঠে, এই উদ্দেশ্যকে সামনে রেখে রাজশাহী ক্যাডেট কলেজের প্রথম ব্যাচের প্রাক্তণ ক্যাডেটগণ কর্তৃক প্রতি বৎসর দ্বাদশ শ্রেণির ক্যাডেটদের মধ্য থেকে একজন ক্যাডেটকে “অলরাউন্ড ক্যাডেট” হিসেবে পুরস্কৃত করার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছেন। এ বিষয়ে প্রথম ব্যাচ কর্তৃক "First Batch Legacy Foundation” (FBLF) নামে একটি ফাউন্ডেশন গঠন করা হয়েছে। এই প্রেক্ষিতে প্রতি বৎসর “অলরাউন্ড ক্যাডেট” নির্বাচনের জন্য নিম্নোক্ত স্থায়ী নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১। অলরাউন্ড ক্যাডেট নির্বাচনের জন্য একজন ক্যাডেটের ৬ বৎসরের পারদর্শিতা বিবেচনায় নিম্নোক্ত বিষয় এবং পার্শ্বে উল্লেখিত ওয়েটেজ হিসাবে নেয়া হবে ঃ

ক। একাডেমিক ফলাফল - ৪০%
খ। খেলাধলায় সাফল্য - ২০%
গ। মঞ্চ পারদর্শিতা - ২০%
ঘ। শৃঙ্খলা ও নেতৃত্ব গুনাবলী - ২০%

২। ***প্রশাসনিক বিষয়াবলী*** ঃ অলরাউন্ড ক্যাডেট নির্বাচনের জন্য নিম্নোক্ত প্রশাসনিক বিষয়সমূহ অনুসরণ করা হবে ঃ

ক। প্রতি বৎসর অধ্যক্ষের লিখিত আদেশে “অলরাউন্ড ক্যাডেট” নির্বাচনের জন্য কমিটি গঠন করা হবে।

খ। কমিটিতে দ্বাদশ শ্রেণির ২ জন ফর্ম মাস্টার এবং অন্য যেকোন ২ জন অনুষদ সদস্যকে নিয়োগ দেয়া হবে।

গ। দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশের পর (সাধারণত জানুয়ারি মাসে) অলরাউন্ড ক্যাডেট নির্বাচনের কমিটি গঠন করা হবে।

ঘ। ৩ হাউসের হাউস মাস্টারগণ স্ব স্ব হাউসের দ্বাদশ শ্রেণির ক্যাডেট হতে তাদের দৃষ্টিতে সেরা ২জন করে মোট ৬ জন ক্যাডেটের নাম কমিটির কাছে প্রস্তাব করবেন।

ঙ। কমিটি হাউস মাস্টারদের নিকট হতে প্রাপ্ত ৬ জন ক্যাডেটকেই শুধুমাত্র মূল্যায়ণ করবেন।

৩। ***একাডেমিক ফলাফল মূল্যায়ণঃ*** একজন ক্যাডেটের শিক্ষাগত শ্রেষ্ঠত্ব নিরূপনের ক্ষেত্রে তার ৭ম হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত প্রতি বৎসরের বার্ষিক পরীক্ষায় ক্লাস পজিশনের (১ম-১০ম মেধাস্থান) ভিত্তিতে পয়েন্ট নির্ধারিত হবে। শুধুমাত্র বোর্ড (জেএসসি ও এসএসসি) পরীক্ষায় ক্যাডেটের প্রাপ্ত জিপিএ’র ভিত্তিতে পয়েন্ট নির্ধারিত হবে। এসএসসি পরীক্ষার ফলাফলে বোর্ডের মেধা তালিকায় ১ম হতে ১০ম পর্যন্ত স্থানে থাকলে অতিরিক্ত ১০ পয়েন্ট এবং ১১-২০তম পর্যন্ত স্থানে থাকলে অতিরিক্ত ৫ পয়েন্ট যোগ হবেঃ

| ***পরীৰাসমূহ*** | ***ক্লাস পজিশন/প্রাপ্ত জিপিএ*** | ***পয়েন্ট*** |
|---|---|---|
| ৭ম, ৮ম, ৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষা, ১১শ শ্রেণির ইয়ার ফাইনাল পরীক্ষা, ১০ম ও ১২শ শ্রেণির নির্বাচনী পরীক্ষা | ১ম | ১০ |
| | ২য় | ০৯ |
| | ৩য় | ০৮ |
| | ৪র্থ | ০৭ |
| | ৫ম | ০৬ |
| | ৬ষ্ঠ | ০৫ |
| | ৭ম | ০৪ |
| | ৮ম | ০৩ |
| | ৯ম | ০২ |
| | ১০ম | ০১ |
| জেএসসি | জিপিএ-৫ | ১০ |
| এসএসসি | গোল্ডেন জিপিএ-৫ | ১৫ |
| এসএসসি | বোর্ড পরীক্ষায় বোর্ডে মেধাস্থান ১-১০ পর্যন্ত | ১০ |
| | বোর্ড পরীক্ষায় বোর্ডে মেধাস্থান ১১-২০পর্যন্ত | ০৫ |

একাডেমিক ফলাফল মূল্যায়নে ওয়েটেজ হিসাবের ফর্মূলা: $\frac{\text{৪০} \times \text{প্রাপ্ত পয়েন্ট}}{\text{৯৫}}$

৪।	ক্যাডেটের ক্রীড়া নৈপুন্য মূল্যায়নের জন্য ৬ বৎসরে বিভিন্ন খেলাধুলায় অংশগ্রহণ ও কৃতিত্ব নিম্নরূপভাবে যাচাই করা হবেঃ

| ক্রমিক | প্রতিযোগিতার ধরণ | অংশগ্রহণের জন্য পয়েন্ট | ব্যক্তিগত স্থানের জন্য পয়েন্ট | বিজয়ী দলের সদস্য হিসেবে পয়েন্ট | সেরা খেলোয়াড়ের জন্য পয়েন্ট |
|---|---|---|---|---|---|
| ১। | আন্তঃহাউস (একক) ঃ ইনডোর গেম্‌স, সাঁতার প্রতিযোগিতা, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ( রিলে ব্যতিত)। | ০১ | ১মঃ০৩<br>২য়ঃ০২ | --- | ০৩ |
| ২। | আন্তঃহাউস(দলীয়)ঃ ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল, ভলিবল | ০১ | --- | ০২ | ০৩ |
| ৩। | গ্রামান্তর দৌড় | --- | ১মঃ০৭<br>২য়ঃ০৬<br>৩য়ঃ০৫<br>৪র্থঃ০৪<br>৫মঃ০৩ | --- | --- |
| ৪। | প্রতিবন্ধক দৌড় | | --- | ০৭ | ১০ |
| ৫। | আন্তঃ ক্যাডেট কলেজ এককঃ এ্যাথলেটিকস প্রতিযোগিতা<br>(রিলে ব্যতিত)। | ০৩ | ১মঃ০৫<br>২য়ঃ০৪<br>৩য়ঃ ০৩ | --- | ০৭ |
| ৬। | আন্তঃ ক্যাডেট কলেজ (দলীয়)ঃ ফুটবল, ক্রিকেট, বাস্কেট ও ভলিবল প্রতিযোগিতা | ০৩ | --- | ০৪ | ০৭ |

ক্রীড়া নৈপুন্য মূল্যায়নে ওয়েটেজ হিসাবের ফর্মূলাঃ $\frac{২০\times\text{প্রাপ্ত নম্বর}}{(৯৫\times৬)}$

বিঃদ্রঃ

* প্রাপ্ত নম্বর ঃ এক জন ক্যাডেট উপরের ছক মোতাবেক ৬ বৎসরে বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে মোট যত পয়েন্ট পাবে তার যোগফল।

৫।	ক্যাডেটের মঞ্চে পারদর্শিতা মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করবেনঃ

| ক্রমিক | প্রতিযোগিতার ধরণ | অংশগ্রহণের জন্য পয়েন্ট | ব্যক্তিগত স্থানের জন্য পয়েন্ট | বিজয়ী দলের সদস্য হিসেবে | সেরা প্রতিযোগির জন্য পয়েন্ট |
|---|---|---|---|---|---|
| ১। | আন্তঃহাউস (একক) ঃ বাংলা উপস্থিত বক্তৃতা, ইংরেজি উপস্থিত বক্তৃতা, বাংলা বিতর্ক, ইংরেজি বিতর্ক, বাংলা কবিতা, ইংরেজি কবিতা, সাধারণ জ্ঞান, আযান ও ক্বিরাত, গণিত অলিম্পিয়াড, ফিজিক্স অলিম্পিয়াড, চিত্রাংকন প্রতিযোগিতাসমূহ | ০১ | ১মঃ ০৩<br>২য়ঃ ০২ | --- | --- |
| ২। | আন্তঃহাউস সংগীত প্রতিযোগিতা | ০১ | ১মঃ ০৩ | --- | --- |
| ৩। | আন্তঃহাউস দেয়াল পত্রিকা প্রতিযোগিতা | --- | ০৪ (সেরা সম্পাদক/গল্প/কবিতা/প্রবন্ধ/হস্তলেখনী/নকশাকারী) | | |
| ৪। | আন্তঃহাউস চলতি ঘটনা প্রদর্শনী প্রতিযোগিতা | --- | --- | ০২ (বিজয়ী দলের সদস্য হিসেবে) | ০৫ |
| ৫। | আন্তঃক্যাডেট কলেজ সাহিত্য ও সংগীত প্রতিযোগিতা | ০৩ | ১মঃ ০৫<br>২য়ঃ ০৪<br>৩য়ঃ ০৩ | --- | ০৭ |
| ৬। | জাতীয় (টিভি বিতর্ক, অলিম্পিয়াড) | ০৫ | --- | --- | --- |
| ৭। | আন্তর্জাতিক (বক্তৃতা, অলিম্পিয়াড) | ০৭ | --- | --- | --- |

মঞ্চ প্রতিযোগিতা ওয়েটেজ হিসাবের ফর্মূলা: $\frac{২০\times প্রাপ্ত নম্বর}{(৬০\times৬)}$

বিঃদ্রঃ

* প্রাপ্ত নম্বর ঃ এক জন ক্যাডেট উপরের ছক মোতাবেক ৬ বৎসরে বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে মোট যত পয়েন্ট পাবে তার যোগফল।

৬। ক। ***শৃংখলা ও নেতৃত্ব:*** শৃংখলা ও নেতৃত্ব মূল্যায়নের জন্য নির্ধারিত মূল্যায়ণকারীদের প্রদত্ত নম্বরের গড় এবং ৬ বৎসরে মোট প্রাপ্ত Extra Drill এর জন্য প্রাপ্ত নম্বর বিবেচনা করা হবে:

| *মূল্যায়ণকারী* | *নেতৃত্ব (০৫)* | *শৃঙ্খলা (০৫)* | *স্বতঃস্ফূর্ততা (০৫)* | *দায়িত্ববোধ (০৫)* | *নৈতিকতা (০৫)* | *মোট* |
|---|---|---|---|---|---|---|
| উপাধ্যক্ষ | | | | | | |
| এ্যাডজুটেন্ট | | | | | | |
| হাউস মাস্টার | | | | | | |
| ফর্ম মাস্টার | | | | | | |
| | | | | | সর্বমোট | |

* সর্বমোট নম্বর÷৪=প্রাপ্ত নম্বর

খ। **Extra Drill**ঃ ‘অলরাউন্ডর ক্যাডেট’ নির্বাচনের ক্ষেত্রে একজন ক্যাডেট ০৬ বৎসরে কতটি Extra Drill শাস্তি হিসাবে পেয়েছে তার ভিত্তিতে নিম্নরূপভাবে পয়েন্ট প্রাপ্ত হবে:

| শৃঙ্খলার ধরণ | প্রাপ্ত সংখ্যা | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| Extra Drill | ০০ | ১০ |
| | ০১-০৩ | ০৯ |
| | ০৪-০৬ | ০৬ |
| | ০৭-১০ | ০৩ |
| | ১১-২০ | ০০ |
| | ২১ থেকে তদুর্দ্ধ | অযোগ্য |

শৃংখলা ও নেতৃত্ব মূল্যায়নের জন্য ওয়েটেজ হিসাবের ফর্মূলা: $\frac{২০\times প্রাপ্ত নম্বর}{৩৫}$

***বিঃদ্রঃ***

* প্রাপ্ত নম্বর ঃ নির্ধারিত মূল্যায়ণকারীগণের মোট প্রদত্ত নম্বরের গড় এবং Extra Drill এর জন্য প্রাপ্ত নম্বরের যোগফল।

৭। *অযোগ্যতাঃ* কোন ক্যাডেট নিম্নবর্ণিত শৃংখলাজনিত কারণে কর্তৃপক্ষ কর্তৃক নথিভুক্ত শাস্তি প্রাপ্ত হলে অলরাউন্ড ক্যাডেট হিসাবে নির্বাচনের অযোগ্য হবে:

ক। অন্যের দ্রব্যাদি চুরি বা নষ্ট করলে।

খ। পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে

গ। জুনিয়র ক্যাডেটকে নিয়ম বহির্ভুত শাস্তি/প্রহার করলে।

ঘ। কোন কর্মকর্তা/অনুষদ সদস্য/স্টাফের সাথে অসদাচারণ করলে।

ঙ। কলেজ থেকে পলায়ন করলে।

চ। ইচ্ছাকৃতভাবে পরীক্ষায় অনুপস্থিত থাকলে।

ছ। একবারের অধিক প্যারেন্টস কল হলে।

জ। শাস্তি হিসাবে হাউস পরিবর্তন হলে।

ঝ। তিন হাজার টাকার বেশি জরিমানা হলে (শৃঙ্খলাজনিত কারণে)।

৮। ***<u>পুরস্কার প্রদানের প্রশাসনিক বিষয়াবলীঃ</u>***

ক। "অলরাউন্ড ক্যাডেট নির্বাচনের কমিটির নিকট হতে রিপোর্ট প্রাপ্তির পর অধ্যক্ষ প্রথম তিনজনের নাম ও প্রাপ্ত নম্বর ক্রম অনুযায়ী First Batch Legacy Foundation (FBLF) (E-mail: fblfaward@gmail.com) এর চেয়ারম্যান এবং সেক্রেটারীর নিকট প্রেরণ করা হবে।

(বর্তমানে চেয়ারম্যান ঃ জনাব দেওয়ান সাদেক আফজাল- sadekafzal1@gmail.com
সেক্রেটারী ঃ জনাব সাইফুল্লাহ সাঈদ- saifullah1.syed@gmail.com)

খ। FBLF " অলরাউন্ড ক্যাডেট" নির্বাচনের বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।

গ। যথাসম্ভব প্রতি বৎসর জানুয়ারি মাসের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

ঘ। প্রতি বৎসর ফেব্রুয়ারি মাসের যেকোন সুবিধাজনক দিনে (কলেজ এবং FBLF এর মধ্যে আলোচনা সাপেক্ষে) কলেজে অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।

ঙ। পুরস্কার প্রদানের জন্য FBLF কর্তৃক প্রধান অতিথি নির্বাচন, দাওয়াত দেওয়া, কলেজে আনয়ন ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হবে। তবে প্রধান অতিথি নির্বাচনের জন্য কোন রাজনৈতিক, ধর্মীয়, সামাজিক বা অন্য কোনভাবে বিতর্কিত/অনাকাঙ্খিত ব্যক্তিকে নির্বাচন করা যাবে না।

চ। পুরস্কার প্রদান অনুষ্ঠানে FBLF এর কোন সদস্য অথবা প্রথম ব্যাচের কোন প্রতিনিধি অযথা FBLF কর্তৃক নির্বাচিত ORCA এর কোন প্রতিনিধি কলেজের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।